# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কর্তৃক সৎ ব্যক্তিদের ভালবাসা ঐ ব্যক্তিকে তাদের সাথে জান্নাতে পৌঁছে দিবে, যদিও সে ব্যক্তি আমলে তাদের সমপর্যায়ভূক্ত নয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَحَبَّةَ الْمَرْءِ الصَّالِحِينَ وَإِنْ كَانَ مُقَصِّرًا فِي اللُّحُوقِ بِأَعْمَالِهِمْ يَبْلُغُهُ فِي الْجَنَّةِ أَنْ يَكُونَ مَعَهُمْ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ قَالَ: حَدَّثَنَا حُمَيْدُ بْنُ هِلَالٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ الرَّجُلُ يُحِبُّ الْقَوْمَ وَلَا يَسْتَطِيعُ أَنْ يَعْمَلَ كَعَمَلِهِمْ؟ قَالَ: (إِنَّكَ يَا أَبَا ذَرٍّ مَعَ مَنْ أَحْبَبْتَ) قَالَ: فَإِنِّي أُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ قَالَ: (أَنْتَ يَا أَبَا ذَرٍّ مَعَ مَنْ أحببت.)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 557 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫৭. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, একজন ব্যক্তি একটি কওমকে ভালবাসেন, কিন্তু তিনি তাদের মতো আমল করতে পারেন না।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “হে আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু, তুমি যাদের ভালবাসো, তাদের সাথেই থাকবে।” আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমি আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালবাসি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “হে আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু, তুমি যাদের ভালবাসো, তাদের সাথেই থাকবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৫৬; আবু দাউদ: ৫১২৬; দারেমী: ২/৩২১; আদাবুল মুফরাদ: ৩৫১; আত তায়ালিসী:

৫৩; সহীহ মুসলিম: ২৬৪০; সহীহ আল বুখারী: ৬১৬৯; বাযযার: ৩৫৯৬; মাজমা‘উয যাওয়াইদ: ১০/২৮০।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ৪/৫০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89022

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন